

# কলা বিক্রেতা টম

Humphreys Odunga

Zablon Alex Nguku

Asma Afreen

2

বাংলা bn



টম এক টুকরি পাকা কলা নিয়ে যান।



টম কলা বিক্রি করার জন্য বাজারে যান।



বাজারে মানুষ ফল কিনছিল।



কিন্তু কেউ টমের কলা কিনছিল না। তারা মহিলাদের থেকে ফল কিনতে পছন্দ করে।



“আমাদের সমাজে শুধুমাত্র মহিলারা ফল বিক্রি করে,” লোকেরা বলল। “এ কি ধরণের পুরুষ?” লোকেরা জিজ্ঞেস করল।



কিন্তু টম হার মানেন নি। তিনি ডাকলেন, “আমার কলা কিনুন! আমার মিষ্টি পাকা কলা কিনুন!”



একজন মহিলা টুকরি থেকে এক কাঁদি কলা তুললেন। তিনি ভাল করে কলা দেখলেন।



মহিলা কলাগুলো কিনলেন।




আরও মানুষ দোকানে আসলেন। তারা টমের কলা কিনলেন এবং খেলেন।



শীঘ্রই, টুকরি খালি হয়ে গেল। টম তাঁর উপার্জিত অর্থ গুনলেন।



তারপর টম সাবান, চিনি এবং রুটি কিনলেন। তিনি জিনিসগুলো তাঁর টুকরিতে রাখলেন।



টম টুকরিটি তাঁর মাথায় রাখলেন এবং বাড়ি গেলেন।

# Global Storybooks

globalstorybooks.net

## কলা বিক্রেতা টম


Humphreys Odunga
Zablon Alex Nguku
Asma Afreen


CC BY